# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৮ বর্ষ ১০ম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ পৌষ ১৪৩১, ৩১ ডিসেম্বর ২০২৪


## প্রধান উপদেষ্টার সঙ্গে উপাচার্যের সাক্ষাৎ



উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ৩ ডিসেম্বর প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস-এর সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সাক্ষাৎ করেন।

বিশ্ববিদ্যালয়ের সার্বিক বিষয় নিয়মিত অবহিতকরণের অংশ হিসেবে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার সঙ্গে তিনি এই সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি, শিক্ষা ও গবেষণা কার্যক্রম, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, শিক্ষক-শিক্ষার্থীদের দ্বন্দ্ব নিরসন ও আন্তঃসম্পর্ক উন্নয়ন এবং শিক্ষার্থীদের কল্যাণে সাম্প্রতিক সময়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নসহ সার্বিক পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেন। এসময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।




মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে গত ১ ডিসেম্বর উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নেতৃত্বে এক বর্ণাঢ্য বিজয় র‍্যালি বের করা হয়।

## উপাচার্যকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের বার্তা

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মি. ফলকার তুর্ক ২৪-এর গণঅভ্যুত্থান পূর্ববর্তী ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভা সফলভাবে আয়োজনে সার্বিক সহযোগিতা করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

এক ধন্যবাদ বার্তায় মি. ফলকার তুর্ক বলেছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ ভেন্যুতে বৈচিত্র্যময় বিভিন্ন শাখার শিক্ষার্থীদের সঙ্গে কথা বলা ও মতবিনিময় করা খুবই সম্মানের বিষয়। মতবিনিময় সভায় তরুণ শিক্ষার্থীদের অংশগ্রহণ আমাকে অনুপ্রাণিত করেছে। আমি লক্ষ্য করেছি এসব তরুণ আগামীর বাংলাদেশে(২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি উপাচার্যের সম্মানে জাপানের রাষ্ট্রদূতের নৈশভোজ



ঢাকাস্থ জাপানের রাষ্ট্রদূতের বাসভবনে গত ৪ ডিসেম্বর এক আলোচনা সভা ও নৈশভোজের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সম্মানে জাপানের রাষ্ট্রদূত মি. ইওয়ামা কিমিনোরি এই নৈশভোজের আয়োজন করেন।

এসময় অন্যান্যের মধ্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুলাহ্-আল-মামুন, বিজয় একাত্তর হলের প্রভোস্ট অধ্যাপক ড. স ম আলী রেজা, জাপান দূতাবাসের জনসংযোগ প্রধান মি. কোমিন কেন এবং উপ-প্রধান মি. ইয়ামামোতো কিওহি উপস্থিত ছিলেন।

আলোচনাকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে জাপানের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার বিষয়ে মতবিনিময় করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি'র বিশেষ মর্যাদা প্রাপ্তির বিষয়ে কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ মর্যাদা (Special Status) পাওয়ার জন্য প্রযোজ্য বিষয়সমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের লক্ষ্যে উপাচার্যের নির্দেশনা অনুযায়ী ৫ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. তাজমেরী এস এ ইসলাম কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও (২য় পৃষ্ঠায় দেখুন)

## শীতকালীন ও গ্রীষ্মকালীন ছুটি পরিবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে Loss Recovery Plan অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আংশিক পরিবর্তন করা হয়েছে। এই অনুযায়ী ২০২৪ সালের শীতকালীন ছুটি ৮-২২ ডিসেম্বরের পরিবর্তে ৮-১৯ ডিসেম্বর এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটি আগামী ১-২৬ জুন-এর পরিবর্তে ১-১২ জুন নির্ধারণ করা হয়েছে। এই সিদ্ধান্ত শুধু ২০২৪ সালের শীতকালীন ছুটি এবং ২০২৫ সালের গ্রীষ্মকালীন ছুটির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ক বিশেষ কমিটির পরামর্শ বাক্স স্থাপন ও ইমেইল চালু

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে গঠিত বিশেষ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সকল অংশীজনের পরামর্শ গ্রহণের লক্ষ্যে উপাচার্য কার্যালয়ের সামনে একটি পরামর্শ বাক্স স্থাপন করা হয়েছে এবং future.du2024@gmail.com নামে একটি ইমেইল খোলা হয়েছে।

পরামর্শ বাক্স ও ইমেইল ঠিকানায় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য সকল অংশীজনের প্রতি অনুরোধ জানানো যাচ্ছে।

## ক্যাম্পাসে যানবাহন নিয়ন্ত্রণ বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন

ক্যাম্পাসে যানবাহন নিয়ন্ত্রণের জন্য ৭টি প্রবেশদ্বারে স্থাপিত যানবাহন চলাচল নিয়ন্ত্রণ বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ১২ ডিসেম্বর পলাশী মোড় সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের প্রবেশদ্বারে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবনির্মিত এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন করেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

## জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে শহীদ ও আহত পরিবারের মূল্যায়ন জরুরি-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, রাষ্ট্র সংস্কার যেমন জরুরি, তেমনিভাবে গত জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে যারা শহীদ হয়েছেন, তাদের পরিবারের পাশে দাঁড়ানো এবং তাদের যথাযথ মূল্যায়ন করা জরুরি। গত ১ ডিসেম্বর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্মারক মাঠে জুলাই-আগস্টের শহীদ ও আহতদের স্মরণে অনুষ্ঠিত স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

## জাপানের সুমিতমো কর্পোরেশন বৃত্তির জন্য শিক্ষার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান

জাপানের সুমিতমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লি: কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০জন নিয়মিত ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করবে। এই বৃত্তির জন্য আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপিত




বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে ছিলো: ভোরে উপাচার্য ভবনসহ বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন, স্মৃতি চিরন্তন চত্বরে জমায়েত এবং উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সাভার জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ। এছাড়া, বিভিন্ন আবাসিক হলে মুক্তিযুদ্ধভিত্তিক চিত্র প্রদর্শনী/চলচ্চিত্র প্রদর্শনী/ প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। বাঁধনের উদ্যোগে ছাত্র শিক্ষক কেন্দ্রে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। দিবসটি উপলক্ষ্যে কলা ভবন, কার্জন হল, ছাত্র-শিক্ষক কেন্দ্র ও স্মৃতি চিরন্তনসহ গুরুত্বপূর্ণ স্থাপনায় আলোকসজ্জা করা হয়।

বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়াসহ বিভিন্ন হল এবং আবাসিক এলাকার মসজিদে শহিদদের রুহের মাগফেরাত কামনা এবং দেশের সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া করা হয়। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য উপাসনালয়ে শহিদদের আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনা করা হয়।

এছাড়া, সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ, নৃত্যকলা বিভাগ এবং থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের যৌথ ব্যবস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

### যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত

## সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে শহিদদের রক্তের ঋণ শোধ করতে হবে-উপাচার্য




উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান শহিদদের রক্তের ঋণ শোধ করতে সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য সকল শ্রেণি-পেশার মানুষের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, এটিই শহিদদের রক্তের ঋণ পরিশোধের ন্যূনতম উপায় হতে পারে। শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে গত ১৪ ডিসেম্বর ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হক, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. আজহারুল ইসলাম শেখ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, শহিদ গিয়াস উদ্দিন আহমদের ছোট বোন অধ্যাপক সাজেদা বানু, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক কমিটির আহ্বায়ক শামসুজ্জামান দুদুসহ মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন, (২য় পৃষ্ঠায় দেখুন)

## বিশ্বসেরা টেকসই ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে দেশের মধ্যে শীর্ষে ঢাবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) বিশ্বসেরা টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকায় বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শীর্ষে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়। তৃতীয়বারের মতো বিশ্বসেরা ১ হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৩৪তম স্থান লাভ করেছে। গত ১০ ডিসেম্বর ২০২৪ মঙ্গলবার 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস: সাসটেইনেবিলিটি ২০২৫' শীর্ষক এ র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়। বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে রয়েছে ১ হাজার ৮০০টি বিশ্ববিদ্যালয়ের নাম।

র‍্যাঙ্কিংয়ে এবার তিনটি সূচকে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক মান নিরূপণ করা হয়। সব সূচক মিলিয়ে মোট স্কোর ১০০। সব সূচকের যোগফলের গড়ের ভিত্তিতে সামগ্রিক স্কোর নির্ধারিত হয়। তিনটি সূচকের মধ্যে পরিবেশগত প্রভাব ৪৫%, সামাজিক প্রভাব ৪৫% এবং শাসনগত প্রভাব ১০% ধরে এই মান নিরূপণ করা হয়।

এর আগে গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করে কিউএস। এই এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়েও বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শীর্ষ স্থান অধিকার করে ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রধানত ১১টি সূচকের উপর ভিত্তি করে ঐ র‍্যাঙ্কিং তৈরি করা হয়। এরমধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়।

উল্লেখ্য, কিউএস প্রতিবছর কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাঙ্কিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়।

# চীনের কুনমিং-এ ঢাবি এবং এফআইও-এর মধ্যে বৈঠক



সমুদ্রবিজ্ঞান বিষয়ে যৌথ গবেষণা কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ফার্স্ট ইনস্টিটিউট অব ওশিয়ানোগ্রাফি (এফআইও)-এর মধ্যে গত ১৫ ডিসেম্বর ২০২৪ চীনের কুনমিং-এ এক বৈঠক অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং এফআইও-এর উপ-মহাপরিচালক অধ্যাপক ফাংলি চিয়াও নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে বৈঠকে নেতৃত্ব দেন। উল্লেখ্য, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ '3rd China-Indian Ocean Region Forum on Development Cooperation' শীর্ষক সম্মেলনে অংশ নিতে সম্প্রতি চীন সফর করেন।

দু'দিনব্যাপী ওশ্যান ফোরামের প্রথম দিনে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের ফার্স্ট ইনস্টিটিউট অব ওশিয়ানোগ্রাফির মধ্যে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তারা ভৌত, রাসায়নিক এবং জৈবিক সমুদ্রবিদ্যা, মহাসাগর মডেলিং, দুর্যোগ ব্যবস্থাপনা এবং মহাসাগরের পূর্বাভাস বিষয়ে যৌথ গবেষণা কার্যক্রম জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ সমসাময়িক সমুদ্রবিজ্ঞানের চ্যালেঞ্জ মোকাবেলায় সামুদ্রিক জৈবপ্রযুক্তির গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে বলেন, গবেষক ও নীতিনির্ধারকদের এই উদীয়মান ক্ষেত্রটিকে অগ্রাধিকার দিতে হবে এবং সমুদ্রবিজ্ঞান ও প্রযুক্তিতে বিপ্লব ঘটানোর সম্ভাবনা অন্বেষণ করতে হবে।

উল্লেখ্য, সমুদ্রবিজ্ঞান বিষয়ক যৌথ গবেষণা পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে চীনের ফার্স্ট ইনস্টিটিউট অব ওশিয়ানোগ্রাফির (এফআইও) একটি সমঝোতা স্মারক ইতোমধ্যেই স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা এবং সামুদ্রিক সম্পদ আহরণে দুই প্রতিষ্ঠানের মধ্যে এ ধরনের দ্বিপাক্ষিক সমঝোতা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সভায় অংশগ্রহণকারীরা আশাবাদ ব্যক্ত করেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. কে. এম. আজম চৌধুরী, এফআইওর প্রতিনিধি ড. লিন ঝৌ, ড. শিজু ওয়াং, ড. চাংসু সিয়া সহ অনেক বিদেশি বিশেষজ্ঞ উপস্থিত ছিলেন।



জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কেইচি ওগাওয়া গত ২০ নভেম্বর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে

(১ম পৃষ্ঠার পর) তৃতীয় শ্রেণি কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি, চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শহিদ পরিবার কল্যাণ সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, যে ক'টি বড় ঘটনা আমাদের জাতীয়তাবাদ ও জাতিসত্তার পরিচায়ক, শহিদ বুদ্ধিজীবী দিবস এরমধ্যে অন্যতম। দেশ স্বাধীন না হলে আমরা কোন পদ-পদবী, মর্যাদা কিছুই পেতাম না। কি পরিমাণ আত্মত্যাগের বিনিময়ে আমরা একটি দেশ পেয়েছি, জাতি হিসেবে তা সকলের জানা প্রয়োজন। শহিদ পরিবারের সদস্য ও স্বজনদের প্রতিনিয়ত অন্তরের রক্তক্ষরণ হৃদয় দিয়ে উপলব্ধি করতে হবে। ২৪-এর ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের তাৎপর্য বুঝার জন্য ঐতিহাসিক এসব ঘটনা পরম্পরা জানা দরকার। সকল অন্যায়, অবিচার ও বৈষম্যের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয় সর্বদা সোচ্চার থেকেছে। দেশের প্রতিটি ক্রান্তিকালে এই প্রতিষ্ঠান জাতির পাশে দাঁড়িয়েছে। ১৯৭১-এর ধারাবাহিকতায় ২০২৪ সালেও তরুণরা জাতির পাশে দাঁড়িয়েছে এবং অসাধ্য সাধন করেছে। ৭১-এর ধারাবাহিকতা রক্ষা করে সাঈদ-মুগ্ধরা ২০২৪ সালে দেশের জন্য জীবন দিয়েছেন। ঐতিহাসিক এসব ঘটনা পরম্পরার তাৎপর্য অনুধাবন করে এবিষয়ে জাতীয় ঐকমত্য গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শহিদদের কবরসমূহ দ্রুততম সময়ের মধ্যে চিহ্নিত করার ক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

# জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে শহীদ ও আহত

(১ম পৃষ্ঠার পর) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলীর সভাপতিত্বে স্মরণসভায় ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন। আয়োজক কমিটির আহ্বায়ক ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ড. মো. ইলিয়াছ প্রামানিক এবং শহীদ আবু সাঈদ, শহীদ আব্দুল্লাহ আল তাহের, শহীদ সাজ্জাদ হোসেন, শহীদ মোসলেম উদ্দিন, শহীদ মেরাজুল ইসলাম ও শহীদ মানিক মিয়ার স্বজনসহ আহত শিক্ষার্থীরা এতে বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থান স্বল্প সময়ে বড় ধরনের পরিবর্তন এনেছে। ছাত্রদের উপর বিশ্বাস রেখে আপামর জনগণ রাস্তায় নেমে আসায় এই আন্দোলনে দ্রুত সফলতা এসেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর উপর তিনি গুরুত্বারোপ করেন।

স্মরণসভা শেষে রাতে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# ডাকসু ভবনের দ্বিতীয় তলায় সাময়িকভাবে

(৪থ পৃষ্ঠার পর) প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহিদ এবং আহতদের স্মৃতি রক্ষার্থে তাঁদের ছবি, ঘড়ি, জুতা, জামা-কাপড়, চশমা, বই-খাতা-কলম, ব্যাগ, পরিচয়পত্র, মানিব্যাগ, মোবাইল সেট, লেখা, ডাইরিসহ ব্যক্তিগত ব্যবহৃত জিনিসপত্র এই সংগ্রহশালায় স্থান পাবে।

জুলাই আন্দোলনের শহীদ ও আহতদের নাম, ঠিকানা ও বিস্তারিত তথ্যসহ তাঁদের ব্যবহৃত জিনিসপত্র আগামী ০৭ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের ডিন অফিসে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়েছে।

# ঢাবি'র বিশেষ মর্যাদা

(১ম পৃষ্ঠার পর) ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য, ১৯৫২ সালের ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৭১-এর মুক্তিযুদ্ধ ও এর পরবর্তী সকল গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামসহ ২০২৪-এর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মাধ্যমে বাংলাদেশের নবজাগরণের ইতিহাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রয়েছে গৌরবময় ভূমিকা। এই কমিটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল গৌরবময় অবদান চিহ্নিত করে বিশেষ মর্যাদা প্রাপ্তির জন্য সুপারিশ করবে।

# ক্যাম্পাসে যানবাহন নিয়ন্ত্রণ বেরিয়ার

(১ম পৃষ্ঠার পর) উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ঢাকা মহানগর পুলিশের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলমসহ বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দফতর ও এস্টেট অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের পলাশীর মোড়, নীলক্ষেত মোড়, শহীদ মিনার, শাহবাগ, শহীদুল্লাহ হল, হাইকোর্ট মোড় এবং শিববাড়ি ক্রসিং মোড়ে এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স স্থাপন করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, ক্যাম্পাসে স্টিকার বিহীন গাড়ি, গণপরিবহন ও ভারি যানবাহন চলাচল এবং বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণ করার জন্য এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স স্থাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাসহ অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এই উদ্যোগের সফল বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

# জাপানের সুমিতমো কর্পোরেশন বৃত্তির

(১ম পৃষ্ঠার পর) ২০২১ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীদের ৪র্থ বিষয় বাদে এস.এস.সি এবং এইচ.এস.সিতে ৪.৮০ জিপিএপ্রাপ্ত হতে হবে। আবেদন ফরম রেজিস্ট্রার দফতরের শিক্ষা-৫ শাখা (কক্ষ নং-২১২) থেকে অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.du.ac.bd) থেকে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক এবং হল প্রাধ্যক্ষের স্বাক্ষর ও সীলমোহরসহ আগামী ০৯ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার দফতরের শিক্ষা-৫ শাখায় (কক্ষ নং-২১২) জমা দিতে হবে।

সদাচরণ, পড়াশোনায় সন্তোষজনক অগ্রগতি এবং নিয়মিত অধ্যয়ন সাপেক্ষে এই বৃত্তি পরবর্তী তিন বছর নবায়নযোগ্য।

# উপাচার্যকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে

(১ম পৃষ্ঠার পর) গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠায় কাজ করতে দৃঢ় সংকল্পবদ্ধ। অনেক তরুণীকে নেতৃত্বের ভূমিকায় দেখে বিশেষভাবে আমি উৎসাহিত হয়েছি। বাংলাদেশের এই ঐতিহাসিক পরিবর্তনে মানবাধিকারের অগ্রগতিতে সমর্থন করার জন্য আমার অফিসের পূর্ণ অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি।'

উল্লেখ্য, বাংলাদেশ সফরকালে গত ২৯ অক্টোবর ২০২৪ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসেন জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মি. ফলকার তুর্ক। এসময় তিনি জুলাই গণ-অভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তরুণদের আঁকা দেয়াল লিখন ও গ্রাফিতি পরিদর্শন করেন। পরে তিনি নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২৪-এর গণঅভ্যুত্থান পূর্ববর্তী ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন এবং শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

# উপাচার্যের সম্মানে জাপানের

(১ম পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ওপর তাঁরা গুরুত্বারোপ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে আন্তঃবিভাগীয় ক্রেডিট ট্রান্সফার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জাপানে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ বৃদ্ধি এবং জাপানের বিভিন্ন কোম্পানিতে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয়েও আলোচনা করা হয়।

জাপানের রাষ্ট্রদূত এ ব্যাপারে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

# যুক্তরাষ্ট্রের ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষরিত



যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির মধ্যে গত ১০ ডিসেম্বর ২০২৪ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস এন্ড টেকনোলজি'র সহযোগী ডিন অধ্যাপক ড. উইলিয়াম ফিলিপস্ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সামসাদ মর্তূজা, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম্‌স বিভাগের অধ্যাপক ড. মো. রাকিবুল হক এবং ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ সাজেদুর রহমান উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ইম্পোরিয়া স্টেট ইউনিভার্সিটির সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং সেমিনার, সিম্পোজিয়াম ও সম্মেলন আয়োজন করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা সরঞ্জাম, তথ্য-উপাত্ত, প্রকাশনা এবং শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় করা হবে।

# ৩৫জন গবেষকের পিএইচ.ডি.

(৪র্থ পৃষ্ঠার পর) জমির উদ্দীন সিকদার, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে সজয় কান্তি সাহা, তাত্ত্বিক পদার্থ বিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ আলমগীর হোসেন, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের অধীনে নাফিজা ফেরদৌসী, কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের অধীনে তামান্না তাসকীন, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধীনে মোঃ নুরে আলম ও রাশেদা বেগম দিনা, মনোবিজ্ঞান বিভাগের অধীনে জেবিন নাহার ও মোঃ শাহীন মোল্লা, অণুজীব বিজ্ঞান বিভাগের অধীনে মোঃ মাহমুদ হাসান, জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের অধীনে মোঃ শওকত হোসেন, রসায়ন বিভাগের অধীনে স্বপন কুমার রায়, ফলিত গণিত বিভাগের অধীনে শাহীনা আক্তার, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধীনে এ. বি. এম. ছিদ্দিক, ইংরেজী বিভাগের অধীনে আলিয়া শাহ্নূর আমিন ও জাহিদ আলম মুন্না, মনোবিজ্ঞান বিভাগের অধীনে ফায়েজা আহ্‌মেদ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে মাসুদ ইবনে রহমান ও রওশন আরা বেগম, ম্যানেজমেন্ট বিভাগের অধীনে মেহেনাজ হক, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধীনে মোঃ শরীফুল আলম ও ফকির মাশুক আলমগীর, মার্কেটিং বিভাগের অধীনে মোঃ আসলাম উদ্দিন, অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের অধীনে মোহাম্মদ ফারুক সরকার, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধীনে ফারজানা সুলতানা বারী, ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের অধীনে মোঃ তৌহিদুল ইসলাম এবং ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে ফজলে এলাহী মামুন।

এম.ফিল. ডিগ্রি প্রাপ্তরা হলেন- সংগীত বিভাগের অধীনে মোঃ তৌফিকুজ্জামান অপু, সুকান্ত সিংহ, ফাতেমা আক্তার এবং ইসরাত জাহান তমা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ মহিদুল ইসলাম, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের অধীনে সাদেকা বাণু ও রাউফুন নাহার, আরবী বিভাগের অধীনে নূর মোহাম্মদ ও ইমরান মাহমুদ, ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মোঃ আতিকুর রহমান ও এস. এম. রুহুল আমীন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে রাবেয়া বস্‌রি চাঁদনী, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে শামীমা অরিন ঐশী, ম্যানেজমেন্ট বিভাগের অধীনে ফারিহা তাসনীম, লোকপ্রশাসন বিভাগের অধীনে মারুফা আক্তার, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের অধীনে আয়েশা আক্তার সুমি, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধীনে মোঃ আশিকুর রহমান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে লুৎফুন্ নাহার এবং অর্থনীতি বিভাগের অধীনে সাদিয়া ইসলাম।

# পরিবেশ বিষয়ে গবেষণার লক্ষ্যে গ্যাস

(৪র্থ পৃষ্ঠার পর) অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ, ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেলিম রেজা এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির, এজেআই-সিএলই কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মি. তাইচি ওয়াতানাবে এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড-এর প্রতিনিধি মি. ইমরানুল হক চৌধুরী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, যৌথ সহযোগিতামূলক গবেষণা প্রকল্পের আওতায় কারস্ জাপানের এজেআই-সিএলই কোম্পানি লিমিটেড এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড-এর সঙ্গে বাংলাদেশে বিভিন্ন বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করছে। অল্টারনেট ওয়েট এন্ড ড্রাইং (এডব্লিউডি) সেচ পদ্ধতির অনুশীলনের মাধ্যমে কম পানি ব্যবহার করে ধানের উৎপাদনশীলতা বৃদ্ধি, পানি সম্পদ সংরক্ষণ, মিথেন গ্যাসের নির্গমন কমানোসহ কৃষি উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে এই গবেষণা প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে।

# সকল বিভাজন ও ভেদাভেদ ভুলে সমৃদ্ধ নতুন বাংলাদেশ

(৪র্থ পৃষ্ঠার পর) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. মো. মহিউদ্দিন এবং শ্রম ও কর্মসংসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ. এইচ. এম. সফিকুজ্জামান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শারমিন মবিন ভূঁইয়া। ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হামিদ প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় তুলে ধরেন।

অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ দেশের জনসম্পদকে মানবসম্পদে পরিণত করার উপর গুরুত্বারোপ করে বলেন, এ লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীসহ সকল শ্রেণি-পেশার মানুষকে সামাজিক সুরক্ষা বলয়ের আওতায় আনতে হবে। সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারি সংস্থা ও বীমা প্রতিষ্ঠানকে এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করতে হবে। সকল পর্যায় ও খাতের সামাজিক সুরক্ষা কর্মসূচির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সকল বিভাজন ও ভেদাভেদ ভুলে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য শিক্ষাবিদ, গবেষক, সরকারি কর্মকর্তা, এনজিওকর্মীসহ সকল পেশাজীবীর প্রতি আহ্বান জানান। বাংলাদেশকে সামনে এগিয়ে নিতে সকল সেক্টরের মধ্যে সুদৃঢ় সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, পারস্পরিক সহযোগিতার মাধ্যমেই মানবকল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। পেশাজীবীদের নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এধরনের প্রশিক্ষণ কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন।

প্রসঙ্গত, বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যমসারির কর্মকর্তাগণ এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

# উপাচার্যের সঙ্গে বিদেশি অতিথিদের সাক্ষাৎ

## মালয়েশিয়ার হাই কমিশনার



বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার মোহাম্মদ শুহাদা ওসমান গত ১৭ ডিসেম্বর উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক কাজী মোহাম্মদ মাহবুবুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য হাইকমিশনারকে ধন্যবাদ জানান।

## তুরস্কের প্রতিনিধিদল



ঢাকাস্থ তুরস্ক দূতাবাসের রিলিজিয়াস সার্ভিসেস কোঅর্ডিনেটর মি. ওজগুর ওজইউরেক-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৩ ডিসেম্বর উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন ইস্তাম্বুল ফাউন্ডেশন ফর সায়েন্স অ্যান্ড কালচার (আইএফএসসি)-এর প্রতিনিধি মি. মুনির তুরান, মি. সালাহউদ্দিন সাঈদী, মি. দাউদ সিসিওগলু এবং মি. এরডিঙ্ক এরদেম।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহা. আব্দুল্লাহ আল মাহমুদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং তুরস্কের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর বিষয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইস্তাম্বুল ফাউন্ডেশন ফর সায়েন্স অ্যান্ড কালচার-এর যৌথ উদ্যোগে সম্মেলন, সিম্পোজিয়াম ও কর্মশালা আয়োজনের বিষয়েও আলোচনা করা হয়। এছাড়া, তুরস্কের আর্থিক সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ কমপ্লেক্স পুনর্নির্মাণ করার ব্যাপারেও তাঁরা আলোচনা করেন। এসময়, প্রতিনিধিদলের সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের ব্যাপারে আন্তরিক আগ্রহ প্রকাশ করেন।

# প্রাচ্যকলা বিভাগের সপ্তাহব্যাপী বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী

(৪থ পৃষ্ঠার পর) মাধ্যমে শিল্পীরা মানুষের মনে স্থান করে নেন।

উল্লেখ্য, প্রদর্শনীতে ৫৬ জন শিল্পীর ৮৪টি শিল্পকর্ম প্রদর্শিত হচ্ছে। শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য ৮জন শিল্পীকে পুরস্কৃত করা হয়। পুরস্কারপ্রাপ্ত শিল্পীরা হলেন- অভিষেক দত্ত তামল, বাপ্পী পাল (শিল্পী শওকাতুজ্জামান স্মৃতি পুরস্কার), অনামিকা পাল (শিল্পী আমিনুল ইসলাম স্মৃতি পুরস্কার), মোছা. মিসকাতুল জান্নাত (শিল্পী রশিদ চৌধুরী স্মৃতি পুরস্কার), মোছা. নাজিফা ইয়াসমিন (শিল্পী শফিকুল আমিন স্মৃতি পুরস্কার), তাসমিয়া নওসাবা বরকতুল্লাহ (বিশেষ নিরীক্ষাধর্মী পুরস্কার), প্রগতি চাকমা (স্নাতক পর্যায়ে শ্রেষ্ঠ মাধ্যম পুরস্কার) এবং নিশাত তাসনিম মিথিলা (নিরীক্ষাধর্মী পুরস্কার)।

# পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

(৪থ পৃষ্ঠার পর) কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। একইসঙ্গে গবেষণার একটি রূপরেখা (Synopsis) জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। কোন তথ্য গোপন বা ভুল তথ্য দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদি স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদি স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে। ৩বছর মেয়াদি স্নাতক সম্মান এবং ১ বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রি ধারী প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় একাডেমিক কমিটি এবং অনুষদের পিএইচডি উপ-কমিটির সুপারিশক্রমে অন্য বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তি হতে পারবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪ ক্রেডিটের ১ টি কোর্স ওয়ার্ক থাকবে।

# বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের

(৪থ পৃষ্ঠার পর) জাতি হিসেবে এই আন্দোলনে নিহত ও আহতদের কাছে কৃতজ্ঞ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের চিকিৎসা ও পুনর্বাসনের লক্ষ্যে সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। নতুন বাংলাদেশ প্রতিষ্ঠায় তাদের আত্মত্যাগ ও অবদান সবসময় স্মরণে রাখতে হবে। আহত অনেকের দীর্ঘমেয়াদি চিকিৎসা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। চিকিৎসা প্রদান শেষ হলে তাদের কর্মসংস্থানসহ পুনর্বাসনের বিষয়টিও বড় একটি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের পাশাপাশি সামাজিক, পেশাজীবী সংগঠনসহ সকল শ্রেণি-পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। অত্যন্ত আন্তরিকতার সঙ্গে বিভিন্ন হাসপাতালে আহতদের চিকিৎসা সেবা প্রদানের জন্য তিনি চিকিৎসকদের ধন্যবাদ জানান।

উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত হয়ে ৫৪৫জন জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ভর্তি হন। এরমধ্যে গুরুতর আহত ৮৪জন এখনও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

# ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ১৫ শিক্ষার্থী

(৪থ পৃষ্ঠার পর) সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সিদ্দিকুর রহমান খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, ইংরেজি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. জেরিন আলম, গণিত বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক শাপলা শিরিনসহ কয়েকজন শিক্ষক ও দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, বৃত্তি প্রদানের মাধ্যমে অসাধারণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সাফল্যকে স্বীকৃতি দেওয়া হচ্ছে। এ ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুদানের জন্য তিনি ট্রাস্ট ফান্ডের দাতাদের ধন্যবাদ জানান।

'মাজেদা খাতুন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' বৃত্তিপ্রাপ্তরা হলেন, মো. রোজিবুল ইসলাম, নিপু খান, মোহাম্মদ জোবায়ের ইসলাম, তানজিম সাদিয়া সেঁজুতি, মোছা. উষা ইবনে জাহান সুবর্ণা, এশরাত জাহান রুনা, সুমি আক্তার এবং মোহাম্মদ ইউসুফ।

'অধ্যাপক ড. মো. মোখলেসুর রহমান ট্রাস্ট ফান্ড' বৃত্তিপ্রাপ্তরা হলেন, মো. আলমগীর মিয়া, মো. আসাদুজ্জামান, মো. রাকিবুল, শারমিন পারভিন, শ্রাবনী রানী আচার্য্য, মো. সোলায়মান হোসেন ও তানজিনা বিথী।

# ডি-৮ এনপিআরআই সম্মেলনে প্রযুক্তির

(৪থ পৃষ্ঠার পর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী বাংলাদেশের প্রতিনিধি হিসেবে এই সম্মেলনে অংশগ্রহণ করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

উল্লেখ্য, শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধি এবং প্রযুক্তি বিনিময়ের অঙ্গীকার গ্রহণের মধ্য দিয়ে ১৯৯৭ সালে রাষ্ট্র ও সরকার প্রধানদের এক শীর্ষ সম্মেলনে ডি-৮ (Organization for Development Cooperation) গঠন করা হয়। ডি-৮ ভুক্ত দেশসমূহ হলো- বাংলাদেশ, মিশর, ইন্দোনেশিয়া, ইরান, মালয়েশিয়া, নাইজেরিয়া, পাকিস্তান ও তুরস্ক।

# ধর্মীয় সম্প্রীতি ও রাজনৈতিক স্থিতিশীলতা

(৪থ পৃষ্ঠার পর) নিশ্চিত করতে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালনের জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

সৌহার্দ্য বিতর্ক প্রতিযোগিতাঃ সৌহার্দ্যের আলো ছড়াতে গত ২৮ নভেম্বর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী জগন্নাথ হলে '২য় সৌহার্দ্য বিতর্ক প্রতিযোগিতা' শুরু হয়। বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ৬২টি বিতর্ক দল এতে অংশগ্রহণ করে। জগন্নাথ হল বিতর্ক ক্লাব 'বিতর্ক-একটি তার্কিক সংগঠন' এই প্রতিযোগিতা আয়োজন করে। প্রতিযোগিতার উদ্বোধনী দিনে স্কুল-কলেজ পর্যায়ের বিতর্কে ২৬টি দল অংশ নেয়। উৎসবের দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রতিযোগিতায় ৩৬টি দল অংশগ্রহণ করে। এ প্রতিযোগিতায় বৈশ্বিক ও জাতীয় প্রেক্ষিত বিবেচনায় প্রাসঙ্গিক বিষয়বস্তু নিয়ে প্রাণবন্ত বিতর্কে মাতেন বিতার্কিকরা।

# উপাচার্যের সঙ্গে বিদেশি অতিথিদের সাক্ষাৎ

## জাপান বাণিজ্য সংস্থার ভাইস প্রেসিডেন্ট



জাপান এক্সটারনাল ট্রেড অর্গানাইজেশনের ইনস্টিটিউট অফ ডেভেলপিং ইকোনমিক্স (আইডিই)-এর নির্বাহী ভাইস প্রেসিডেন্ট মিজ মুরায়ামা মায়ুমি গত ১৭ ডিসেম্বর উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় আন্তর্জাতিক রাজনীতি বিষয়ক বিশেষজ্ঞ অধ্যাপক ড. হোরিমোটো টেকনোরি তার সঙ্গে ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুলাহ্-আল-মামুন বৈঠকে উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য জাপানের বিভিন্ন কোম্পানিতে ইন্টার্নশিপ প্রোগ্রাম চালু ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয়েও আলোচনা করা হয়।

## স্পেনের ইন্ডিটেক্স চেয়ার



স্প্যানিশ ল্যাংগুয়েজ এন্ড কালচার বিষয়ক ইন্ডিটেক্স চেয়ার অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মস্কেরা গত ৫ ডিসেম্বর উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে এক সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় স্পেনের ভিজিটিং প্রফেসর মারিয়া আম্পারো পোর্টা রিভাস এবং প্রফেসর মারিয়া জোসেফা মার্টিনেজ লোপেজ তাঁর সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার বিষয়ে আগ্রহ প্রকাশের জন্য স্পেনের ইন্ডিটেক্স চেয়ারকে ধন্যবাদ জানান।

# ক্যাম্পাসে যানবাহন নিয়ন্ত্রণ দলের কার্যক্রম পরিদর্শন করলেন উপাচার্য



প্রক্টরিয়াল টিম, বিএনসিসি, রোভার স্কাউট গ্রুপ এবং রেঞ্জার ইউনিট সদস্যদের সমন্বিত একটি দল ক্যাম্পাসে যানবাহন চলাচল নিয়ন্ত্রণের জন্য কাজ করছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ২৯ নভেম্বর টিএসসি চত্বরসহ বিভিন্ন স্থানে দায়িত্বরত এই দলের কার্যক্রম পরিদর্শন করেছেন। এসময় প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ ড. মো. ফারুক শাহ উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে উপাচার্য প্রক্টরিয়াল টিম, বিএনসিসি, রোভার স্কাউট গ্রুপ এবং রেঞ্জার ইউনিট সদস্যদের সঙ্গে কথা বলেন এবং বিভিন্ন পরামর্শ ও দিক নির্দেশনা দেন। তিনি ক্যাম্পাসে যানবাহন চলাচল নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করায় শিক্ষার্থীদের আন্তরিক ধন্যবাদ দেন। এধরনের স্বেচ্ছাসেবামূলক কাজ অব্যাহত রাখার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, বিএনসিসি, রোভার স্কাউট গ্রুপ এবং রেঞ্জার ইউনিটের শিক্ষার্থীরা প্রক্টরিয়াল টিমের সদস্যদের সঙ্গে সমন্বয় করে টিএসসি, রোকেয়া হল, মল চত্বর, মেট্রোরেল স্টেশন প্রাঙ্গণসহ ক্যাম্পাসের বেশ কিছু স্থানে যানবাহন চলাচল নিয়ন্ত্রণে কাজ করছেন।

# বৈষম্যবিরোধী আন্দোলন এবং জুলাই গণঅভ্যুত্থানের

(৪থ পৃষ্ঠার পর) আত্মত্যাগের বিনিময়ে আমরা এই নতুন বাংলাদেশ পেয়েছি। তাদের ঋণ ও অবদান স্মরণে রেখে দেশকে সামনে এগিয়ে নিতে হবে। এখনও গুরুতর আহত অনেকে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তাদের সহযোগিতায় সকলকে সম্মিলিতভাবে এগিয়ে আসতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন গণঅভ্যুত্থানকে উপজীব্য করে যুক্তরাষ্ট্রের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যৌথ গবেষণামূলক কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে। গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের আইনগত দিক খতিয়ে দেখা এবং এ বিষয়ে জাতিসংঘের তথ্যানুসন্ধান দলকে সহযোগিতা করতে বিশ্ববিদ্যালয়ের একটি বিশেষজ্ঞ কমিটি কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন।

আলোচনা সভা শেষে সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. প্রিয়াংকা গোপের তত্ত্বাবধানে সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও শিল্পীবৃন্দ সংগীত পরিবেশন করেন।

# অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ১০ মেধাবী শিক্ষার্থী

(৪থ পৃষ্ঠার পর) সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে দৈনিক প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী ধন্যবাদ জ্ঞাপন করেন। সহযোগী অধ্যাপক ড. সাইফুল হক অনুষ্ঠান সঞ্চালন করেন।

পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- ফারাহ জাহান শুচি, উসামা রাফিদ, তাহসীন নওয়ার, মো. রাফিজ খান, হোসাইন আজমল, মেহেদী হাসান, মো. তানজীর হোসাইন, নিগার সুলতানা, মেহনাজ লামিসা রহমান এবং নাহিদা সুলতানা সায়মা।

উল্লেখ্য, সাবেক রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদের কন্যা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক ড. সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন।

### সামাজিক সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

## সকল বিভাজন ও ভেদাভেদ ভুলে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান




ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের উদ্যোগে 'Social Protection with a Focus on Social Insurance' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান গত ৭ ডিসেম্বর ২০২৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জার্মান কারিগরি সহায়তা সংস্থা 'জিআইজেড'-এর সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার, (২য় পৃষ্ঠায় দেখুন)

## বৈষম্যবিরোধী আন্দোলন এবং জুলাই গণঅভ্যুত্থানের ঘটনা প্রবাহ নিয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান



বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এবং জুলাই গণঅভ্যুত্থানের ঘটনা প্রবাহ নিয়ে গত ২৮ নভেম্বর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ আলোচনা সভা সঞ্চালন করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বৈষম্য বিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। শহীদদের রূহের মাগফেরাত ও আহতদের দ্রুত সুস্থতার জন্য মোনাজাত করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, অনেক মানুষের (৩য় পৃষ্ঠায় দেখুন)



ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের সুবর্ণজয়ন্তী উৎসব উদ্‌যাপিত হয়েছে। গত ১৩ ডিসেম্বর কেন্দ্রীয় খেলার মাঠে ৭-দিনব্যাপী উৎসবের সমাপনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বক্তব্য রাখেন। অনুষ্ঠানে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা সুপ্রদীপ চাকমা উপস্থিত ছিলেন।

## প্রাচ্যকলা বিভাগের সপ্তাহব্যাপী বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাচ্যকলা বিভাগের সপ্তাহব্যাপী 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী' গত ২৪ নভেম্বর চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে শুরু হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষদের ওসমান জামাল মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন। পরে উপাচার্য শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য ৮জন শিল্পীকে সনদ ও পুরস্কার প্রদান করেন।

প্রাচ্যকলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সুশান্ত কুমার অধিকারী'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. আজহারুল ইসলাম শেখ, ইমেরিটাস অধ্যাপক মু. আবুল হাশেম খান, অধ্যাপক ড. মো. আব্দুস সাত্তার এবং শিল্পকর্ম প্রদর্শনীর আহ্বায়ক সহযোগী অধ্যাপক মো. আব্দুল আযীয বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পুরস্কারপ্রাপ্তদের আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, শিল্পের একটি শাশ্বত ভাষা রয়েছে। এই শৈল্পিক ভাষা ও শিল্পকর্মের (৩য় পৃষ্ঠায় দেখুন)

## পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (জানুয়ারি-জুন) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://du.ac.bd-এ আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদের মূলকপি, সকল পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি ও সম্প্রতি তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/ বিভাগের চেয়ারম্যান/ ইনস্টিটিউটের পরিচালক (৩য় পৃষ্ঠায় দেখুন)

## ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ১৫ শিক্ষার্থী

পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য গণিত বিভাগ এবং ইংরেজি বিভাগের ১৫ জন মেধাবী শিক্ষার্থী ট্রাস্ট ফান্ড বৃত্তি লাভ করেছেন। এরমধ্যে গণিত বিভাগের ৭ জন শিক্ষার্থীকে 'অধ্যাপক ড. মো. মোখলেসুর রহমান ট্রাস্ট ফান্ড' বৃত্তি এবং ইংরেজি বিভাগের ৮ জন শিক্ষার্থীকে 'মাজেদা খাতুন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' বৃত্তি প্রদান করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ২৫ নভেম্বর উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা'র (৩য় পৃষ্ঠায় দেখুন)

## ডি-৮ এনপিআরআই সম্মেলনে প্রযুক্তির সফল প্রয়োগের মাধ্যমে উন্নয়ন নিশ্চিত করার আহ্বান

ডি-৮ ভুক্ত ৮টি দেশের ২৬ টি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের নিয়ে Network of Pioneers for Research and Innovation (D-8 NPRI)-এর তৃতীয় সম্মেলনে বিজ্ঞান চর্চা ও উদ ৷ভাবনী প্রযুক্তির সফল প্রয়োগের মাধ্যমে উন্নয়ন ও সমৃদ্ধি নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়েছে। নাইজেরিয়ার লরিন বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গত ২৪-২৭ নভেম্বর এই সম্মেলন অনুষ্ঠিত হয়। (৩য় পৃষ্ঠায় দেখুন)

### উপাচার্যের জগন্নাথ হল পরিদর্শন

## ধর্মীয় সম্প্রীতি ও রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার আহ্বান

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ৩০ নভেম্বর জগন্নাথ হল পরিদর্শন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ও প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুলাহ্-আল-মামুন উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে উপাচার্য দেশের চলমান রাজনৈতিক প্রেক্ষাপটে ধর্মীয় সম্প্রীতি ও সামাজিক স্থিতিশীলতা বজায় রাখাসহ বিভিন্ন বিষয়ে জগন্নাথ হলের প্রাধ্যক্ষ দেবাশীষ পাল ও আবাসিক শিক্ষকদের সঙ্গে মতবিনিময় করেন। উপাচার্য বলেন, জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মাধ্যমে আমরা একটি নতুন বাংলাদেশ পেয়েছি। এইদেশকে সামনে এগিয়ে নিতে ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে সকল শ্রেণি-পেশার মানুষকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সাম্প্রদায়িক সম্প্রীতি ও রাজনৈতিক স্থিতিশীলতা (৩য় পৃষ্ঠায় দেখুন)

## ডাকসু ভবনের দ্বিতীয় তলায় সাময়িকভাবে জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনের দ্বিতীয় তলার একটি কক্ষে সাময়িকভাবে 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার (২য় পৃষ্ঠায় দেখুন)

## অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ১০ মেধাবী শিক্ষার্থী

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ৩ ডিসেম্বর অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে এই পুরস্কার তুলে দেন। (৩য় পৃষ্ঠায় দেখুন)




ঢাকা বিশ্ববিদ্যালয়ে '৯ম আন্তঃহল (ছাত্রী) ক্রিকেট প্রতিযোগিতা'র ফাইনালে শামসুন নাহার হল ৯ উইকেটে রোকেয়া হলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। গত ৫ ডিসেম্বর কেন্দ্রীয় খেলার মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ছবিতে চ্যাম্পিয়ন দলকে ট্রফি হাতে দেখা যাচ্ছে।

## পরিবেশ বিষয়ে গবেষণার লক্ষ্যে গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন

বায়ুর গুণগতমান উন্নয়ন এবং পরিবেশ দূষণরোধ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এ গত ২৭ নভেম্বর একটি অত্যাধুনিক গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাবরেটরি উদ্বোধন করেন। যৌথ সহযোগিতামূলক গবেষণা প্রকল্পের আওতায় জাপানের এজেআই-সিএলই কোম্পানি লিমিটেড এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড এই ল্যাবে একটি 'গ্যাস ক্রোমাটোগ্রাফ মেশিন' উপহার দেয়।

কারস-এর পরিচালক অধ্যাপক ড. মো. আবদুর রশীদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো.আখতার হোসেন খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন (২য় পৃষ্ঠায় দেখুন)



আরবরি কালচার সেন্টার এবং পরিবেশ সংসদের যৌথ উদ্যোগে গত ২৫ নভেম্বর বিশ্ববিদ্যালয় মল চত্বর এলাকায় 'ক্লিন ক্যাম্পাস' শীর্ষক দিনব্যাপী এক পরিচ্ছন্নতা কর্মসূচি পালিত হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মসূচির উদ্বোধন করেন।

## ৩৫জন গবেষকের পিএইচ.ডি. এবং ১৯জনের এম.ফিল. ডিগ্রি অর্জন

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ৩৫জন গবেষক পিএইচ.ডি এবং ১৯জন এম.ফিল. ডিগ্রি অর্জন করেছেন। গত ১৩ নভেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন। পিএইচ.ডি. ডিগ্রি প্রাপ্তরা হলেন- বাংলা বিভাগের অধীনে মো. জাহিদ হোসেন, শামীমা আক্তার ও অলোক কুমার চক্রবর্ত্তী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধীনে ইমতিয়াজ আহমেদ, সমাজবিজ্ঞান বিভাগের অধীনে উম্মে জাকিয়া, রসায়ন বিভাগের অধীনে মোঃ আফজাল হোসেন, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধীনে সুবর্না শারমিন, ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে মাহমুদা বিনতে লতিফ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধীনে মোহাম্মদ (২য় পৃষ্ঠায় দেখুন)

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে জাতীয় অর্থোপেডিক হাসপাতালে উপাচার্য



উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে গত ২৬ নভেম্বর জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) যান। এসময় তিনি আহত শিক্ষার্থী ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন এবং চিকিৎসাধীন শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন। তিনি আহতদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং তাদের দ্রুত সুস্থতা কামনা করেন।

এসময় নিটোর-এর নবনিযুক্ত পরিচালক অধ্যাপক ড. আবুল কেনান, সদ্যবিদায়ী পরিচালক অধ্যাপক ড. কাজী শামীম উজ্জামানসহ বিভিন্ন ইউনিট প্রধান ও চিকিৎসকগণ উপস্থিত ছিলেন।

হাসপাতাল পরিদর্শন শেষে চিকিৎসকদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, আমরা (৩য় পৃষ্ঠায় দেখুন)

**সম্পাদক: মোহাম্মদ রফিকুল ইসলাম, ভারপ্রাপ্ত পরিচালক** (জনসংযোগ), প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন, মো. আবু বকর সিদ্দিক, শুভাশীষ রঞ্জন সরকার ও মো. রায়হানুল ইসলাম (আবির), সম্পাদনা সহকারী: কমলেশ চন্দ্র মণ্ডল ও নুরুন্নাহার বেগম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শারমিন আক্তার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে মুদ্রিত। ফোন: ৫৫১৬৭৭১৯, ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৫৫২৩২২১৩৮